# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ১২. পাহাড় বা বৃক্ষকে সমুদ্রে পাঠানো

যীশু একটা ডুমুর গাছে ফল না পেয়ে ক্রুদ্ধ হয়ে অভিশাপ দেন এবং গাছটা শুকিয়ে যায়। শিষ্যরা আশ্চর্য হলে তিনি বলেন: "আমি তোমাদের সত্যিই বলছি, তোমরা সন্দেহ না করে যদি বিশ্বাস কর তবে ডুমুর গাছের উপরে আমি যা করেছি তোমরাও তা করতে পারবে। কেবল তা নয়, কিন্তু যদি এই পাহাড়কে বল, 'উঠে সাগরে গিয়ে পড়', তবে তাও হবে।" (মথি ২১/১৮-২১; মার্ক ১১/১২-২৩, মো.-০৬)

যীশু আরো বলেন: "আমি তোমাদের সত্যিই বলছি, যদি একটা সর্ষে দানার মত বিশ্বাসও তোমাদের থাকে তবে তোমরা এই পাহাড়কে বলবে, 'এখান থেকে সরে ওখানে যাও', আর তাতে ওটা সরে যাবে।" (মথি ১৭/২০, মো.-০৬)

লূক ১৭/৬ (মো.-০৬): "ঈসা বললেন, একটা সরিষা-দানার মতও যদি তোমাদের বিশ্বাস থাকে তবে তোমরা এই তুঁত গাছটাকে বলতে পারবে, 'শিকড় সুদ্ধ উঠে গিয়ে নিজেকে সাগরে পুঁতে রাখ।' তাতে সেই গাছটি তোমাদের কথা শুনবে।"

বাস্তবতার বিচারে কথাগুলো ভুল। এ কথাগুলো সকল যুগের সকল বিশ্বাসীর জন্য বলা। অথচ পৃথিবীতে বিগত দু' হাজার বছরে কোনো খ্রিষ্টান কোনো ডুমুর গাছকে হুকুম করে পুড়িয়ে মেরেছেন, কোনো পাহাড়কে অথবা কোনো তুঁত গাছকে হুকুম করে স্থানান্তরিত করেছেন প্রমাণিত হয়নি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14174

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন